যুগান্তর

MAY 1 1 2002

তারিখ ... ... ...
পৃষ্ঠা ... কলাম ২

# রাবির ছাত্রদের ১০টি আবাসিক হলে শিবিরের নীরব সন্ত্রাস

## ছাত্রদলের নেতাকর্মীরা অনুগ্রহের পাত্র হয়ে হলে থাকছে

রাজশাহী ব্যুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসিক ১০টি হলে চলছে শিবিরের নীরব সন্ত্রাস। হলগুলো পরিণত হয়েছে একেকটি মানসিক টর্চার সেলে। টর্চার সেলের মানসিক নির্যাতনের কারণে ছাত্রদল, ছাত্রলীগ ও প্রগতিশীল অন্যান্য ছাত্র সংগঠনসহ সাধারণ ছাত্রদের অনেকেই হল ছাড়তে বাধ্য হয়েছে। সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্র জানায়, বর্তমান বিএনপি সরকার ক্ষমতায় আসার পরপরই হলগুলোর নিয়ন্ত্রণ ধীরে ধীরে ছাত্রদলের পাশাপাশি শিবির নিতে থাকে। শিবির তাদের সাংগঠনিক কার্যক্রমের কারণে গত ৩ মাসের মধ্যে ১০টি হলের নিয়ন্ত্রণ ছাত্রদলের কাছ থেকে কবজা করে নেয়। গত ৯ এপ্রিল দিনরাত ছাত্রদলের সঙ্গে শিবিরের সংঘর্ষ হয়। সংঘর্ষের রাতের মধ্যে ছাত্রদলের নেতাকর্মী এমনকি সমর্থক ছাত্রদের শিবির মারধর করে হল থেকে বের করে দেয়। পরে আপসের মাধ্যমে শিবির ছাত্রদলের নেতাকর্মীদের হলে তুলে নেয়। বর্তমানে ছাত্রদলের কিছু নেতাকর্মী হলে থাকলেও অনেকটা শিবিরের অনুগ্রহের পাত্র হয়ে থাকতে হচ্ছে। নেতাকর্মীরা হলে অবস্থান করলেও শিবিরের চাপে হল সংশ্লিষ্ট সাংগঠনিক কার্যক্রম সুষ্ঠুভাবে চালাতে পারছে না বলে জানা গেছে।

হলের একটি গোপন সূত্র জানায়, ৯ এপ্রিলের সংঘর্ষের পরপরই হলের চিত্র দ্রুত পাল্টে যাচ্ছে। সর্বশেষ তাদের কার্যক্রমে যুক্ত হয়েছে ইন্টারকমের মাধ্যমে হলের প্রত্যেকটি কক্ষ নিয়ন্ত্রণ করা। সূত্র জানায়, বর্তমানে হলগুলোতে ছাত্রদের জন্য যে রুম নম্বর বরাদ্দ করা হচ্ছে তা অধিকাংশ ক্ষেত্রে হল সংশ্লিষ্ট শিবিরের নেতারা নিয়ন্ত্রণ করে।